গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আঞ্চলিক তথ্য অফিস, সিলেট

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

তথ্য অধিদফতর

স্মারক: ১৫.৫২.৬০৯১.০২৩.১৭.০৫০.২২- ৮৩০ তারিখ ০১.০৭.২০২৪ খ্রিস্টাব্দ

সিলেটের স্থানীয় বিভিন্ন পত্র-পত্রিকায় সংবাদ, নিবন্ধ, সম্পাদকীয়, উপ-সম্পাদকীয় ও পাঠকের চিঠির মাধ্যমে সরকারের নীতি ও কার্যক্রমের যে সব আলোচনা ও পর্যালোচনা করা হয়েছে তা সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

জনস্বার্থে কিছু প্রকাশ করার প্রয়োজন থাকলে আঞ্চলিক তথ্য অফিস, সিলেট (টেলিফোন: ৯৯৭৭০১৫৪০-৩) এবং তথ্য অধিদফতরের ভবন নং ৯ এর ২০৬ নং সংবাদ কক্ষের সঙ্গে (টেলিফোন: ৯৫৪০০১৯, ৯৫১৪৯৮৮, ৯৫১২২৪৬ ফ্যাক্স: ৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬ ই-মেইল: pidsylhet@gmail.com, piddhaka@gmail.com, piddhaka@yahoo.com যোগাযোগ করার অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০৪ (চার) পাতা

01.07.24

আশরাফুল ইসলাম ফয়সাল
তথ্য অফিসার
আঞ্চলিক তথ্য অফিস, সিলেট

বিতরণ:

০১। বিভাগীয় কমিশনার, সিলেট
০২। ডিআইজি, সিলেট
০৩। মেট্রোপলিটন পুলিশ কমিশনার, সিলেট
০৪। জেলা প্রশাসক, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ
০৫। পুলিশ সুপার সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ

অনুলিপি:

০১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। সংশ্লিষ্ট নথি

সংবাদ গতিধারা
স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয় 'র সারসংক্ষেপ; গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার:
সংখ্যা ০০১/২০২৪
সিলেট, সোমবার, ১৭ আষাঢ় ১৪৩১, ০১ জুলাই ২০২৪

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলোর প্রধান খবর বা শিরোনাম

০১। রোটারি ক্লাব নির্মিত অর্ধ পাকাঘর হস্তান্তর

০২। জনগণের প্রতি আমাদের দায়বদ্ধতা রয়েছে: এডভোকেট নাসির উদ্দিন খান

০৩। বন্যায় সিলেট বোর্ডের স্থগিত পরীক্ষা ১১ আগস্টের পর

০৪। সিলেটসহ ১২ অঞ্চল ৬০কিমি বেগে ঝড়ের পূর্বাভাস

০৫। ফের বন্যার মুখোমুখি সুনামগঞ্জবাসী

বিস্তারিত সংবাদ

০১. রোটারি ক্লাব নির্মিত অর্ধ পাকাঘর হস্তান্তর

বানিয়াচংয়ের নজিপুরে রোটারি ক্লাব অব সিলেটের আর্থিক সহায়তায় নির্মিত অর্ধ পাকাঘর হস্তান্তর করা হয়েছে। গত শনিবার বিকেলে উপজেলার ৬নম্বর কাগাপাশা ইউনিয়নের অন্তর্গত নজিপুর গ্রামে ক্লাবের প্রেসিডেন্ট রোটাঃ ভানুজয় দাশ পিএইচএফ এর বাড়িতে ঘর হস্তান্তর কর্মসূচি অনুষ্ঠিত হয়। রোটারি ক্লাব অব সিলেটের প্রেসিডেন্ট রোটারিয়ান ভানুজয় দাশ পিএইচএফ এর সভাপতিত্বে ও রোটারিয়ান রাহুল সরকারের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন হবিগঞ্জ-২ আসনের সংসদ সদস্য এডভোকেট ময়েজ উদ্দিন শরীফ রুয়েল। (দৈনিক সিলেটের ডাক, দৈনিক উত্তরপূর্ব, দৈনিক পুণ্যভূমি, দৈনিক সিলেট বাণী)

০২. জনগণের প্রতি আমাদের দায়বদ্ধতা রয়েছে: এডভোকেট নাসির উদ্দিন খান

সিলেট জেলা পরিষদের ২০২৪-২০২৫ অর্থ বছরের জন্য ১শ কোটি ১০ লক্ষ টাকার বাজেট ঘোষণা ও অনুমোদন দেওয়া হয়েছে। গত রবিবার জেলা পরিষদের কনফারেন্স রুমে অনুষ্ঠিত সভায় বাজেট অনুমোদন করা হয়। বাজেট সভায় সভাপতিত্ব করেন সিলেট জেলা পরিষদের চেয়ারম্যান এডভোকেট মো. নাসির উদ্দিন খান। সভাপতির বক্তব্যে তিনি বলেছেন, জনগণের প্রতিনিধি হিসেবে জনগণের প্রতি আমাদের দায়বদ্ধতা রয়েছে। এজন্যে জনগণের প্রত্যাশা পূরণে আমাদেরকে সবসময় নিবেদিত- নিষ্ঠাবান হতে হবে। এ দৃষ্টিভঙ্গীকে সামনে রেখেই জেলা পরিষদ সিলেটের বাজেট প্রণয়ন করা হয়েছে। (দৈনিক সিলেটের ডাক, দৈনিক সিলেট মিরর, দৈনিক শ্যামল সিলেট, দৈনিক উত্তরপূর্ব, দৈনিক পুণ্যভূমি, দৈনিক সিলেট বাণী, দৈনিক জাগ্রত সিলেট, দৈনিক জালালাবাদ)

০৩. বন্যায় সিলেট বোর্ডের স্থগিত পরীক্ষা ১১ আগস্টের পর

আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি ও ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক তপন কুমার সরকার বলেছেন, বন্যা পরিস্থিতির কারণে সিলেট বিভাগের এইচএসসি ও সমমানের পরীক্ষা ৩০ জুন থেকে আগামী ৮ জুলাই পর্যন্ত স্থগিত করা হয়। স্থগিত পরীক্ষাগুলো ১১ আগস্টের পরে নেওয়া হবে। রবিবার গণমাধ্যমকে এ তথ্য জানান তিনি। তপন কুমার সরকার বলেন, বন্যা পরিস্থিতির কারণে সিলেট বোর্ডের এইচএসসি ও সমমান পরীক্ষা স্থগিত করা হয়। স্থগিত পরীক্ষাগুলো ১১ আগস্টের পর থেকে শুরু হবে। এর আগে বন্যা পরিস্থিতির কারণে সিলেট বিভাগের এইচএসসি ও সমমান পরীক্ষা ৮ জুলাই পর্যন্ত স্থগিত করে বিজ্ঞপ্তি প্রকাশ করে আন্তঃশিক্ষা বোর্ড। (দৈনিক সিলেটের ডাক, দৈনিক সিলেট মিরর, দৈনিক শ্যামল সিলেট, দৈনিক উত্তরপূর্ব, দৈনিক পুণ্যভূমি, দৈনিক সিলেট বাণী)

০৪. সিলেটসহ ১২ অঞ্চল ৬০কিমি বেগে ঝড়ের পূর্বাভাস

দেশের ১২টি অঞ্চলের ওপর দিয়ে ৬০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। তাই এসব এলাকার নদীবন্দরগুলোতে জারি করা হয়েছে সতর্কসংকেত। রবিবার এমন পূর্বাভাস দিয়েছে আবহাওয়া অফিস। আবহাওয়াবিদ মো. ওমর ফারুক জানিয়েছেন, রংপুর, দিনাজপুর, ঢাকা, ফরিদপুর, খুলনা, বরিশাল, পটুয়াখালি, নোয়াখালী, কুমিল্লা, চট্টগ্রাম, কক্সবাজার এবং সিলেট অঞ্চলের ওপর দিয়ে দক্ষিণ, দক্ষিণ- পশ্চিম দিক থেকে ঘণ্টায় ৪৫-৬০ কি. মি বেগে দমকা অথবা ঝড়ো হাওয়াসহ অস্থায়ীভাবে বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। এসব এলাকার নৌবন্দরগুলোকে ১ নম্বর সংকেত দেখাতে বলা হয়েছে। (দৈনিক পুণ্যভূমি, দৈনিক জাগ্রত সিলেট, দৈনিক কাজির বাজার)

০৫. ফের বন্যার মুখোমুখি সুনামগঞ্জবাসী

প্রথম দফার বন্যার রেশ কাটতে না কাটতেই ফের বন্যার মুখোমুখি সুনামগঞ্জবাসী। মৌসুমের স্বাভাবিক বৃষ্টিপাত ও উজানের ঢলে ১২ উপজেলার সীমান্তবর্তী নিচু এলাকায় পানি ঢুকতে শুরু করেছে। পর্যটন এলাকা তাহিরপুর-সুনামগঞ্জ সড়কের ডুবন্ত রাস্তা তলিয়ে যানবাহন চলাচল বন্ধ হয়ে গেছে। যাত্রী ও এলাকাবাসীর চলাচলে ব্যবহার করতে হচ্ছে ফেরি নৌকা। পূর্বাভাস অনুযায়ী ২৯ জুন থেকেই মেঘালয়ে ও সুনামগঞ্জে বৃষ্টিপাত শুরু হয়েছে। এতে সীমান্তের নদীগুলো দিয়ে প্রচুর ঢল নেমে সড়ক প্লাবিত করেছে। নিচু এলাকায় পানি উঠতে শুরু করেছে। সুনামগঞ্জে ২৯ জুন ২৯ মিলিমিটার এবং ৩০ জুন ৩৫ মিলিমিটার বৃষ্টি রেকর্ড করা হয়েছে। (দৈনিক সিলেটের ডাক, দৈনিক শ্যামল সিলেট, দৈনিক সিলেট বাণী, দৈনিক কাজির বাজার)

সম্পাদকীয়

ক. দৈনিক সিলেটের ডাক: আন্তর্জাতিক সমবায় দিবস।। আন্তর্জাতিক সমবায় দিবস আজ। দিবসটি জাতিসংঘ ঘোষিত একটি আন্তর্জাতিক দিবস। জাতিসংঘ অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক অঙ্গনে সমবায়ের ভূমিকাকে স্বীকৃতি দিয়ে প্রতি বছর জুলাই মাসের প্রথম শনিবার এ দিবস পালন করে থাকে। আন্তর্জাতিক সমবায় দিবস হল সমবায় আন্দোলনের একটি বার্ষিক উদযাপন, যা ১৯২৩ সাল থেকে আন্তর্জাতিক সমবায় জোট দ্বারা পালন করা হয়। দারিদ্র বিমোচন ও অর্থনৈতিক উন্নয়নে বিশ্বব্যাপী একটি পরীক্ষিত ও স্বীকৃত মাধ্যম হচ্ছে সমবায়। সেই প্রেক্ষাপটে স্বাধীনতার পর যুদ্ধবিদ্ধস্ত বাংলাদেশকে পূণর্গঠনের জন্য সর্বকালের সর্বশ্রেষ্ট বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সমবায় পদ্ধতিকেই গুরুত্ব দিয়েছিলেন। গ্রামীণ অর্থনীতিকে সমৃদ্ধ করতে গ্রাম সমবায় গড়ার নির্দেশ দিয়েছিলেন।

খ. দৈনিক সিলেট মিরর: প্লাস্টিকের ক্ষতিকর প্রভাব।। পৃথিবীর উপরি ভাগের তিন চতুর্থাংশই পানিতে ঢাকা যা আছে হিমবাহ, জলাভূমি, লেক, নদী, সাগর কিংবা মহাসাগরের আকারে। তবে বিশ্বের পানির ৯৭ ভাগই মহাসাগরের লবণাক্ত পানি। মহাবিশ্বে পৃথিবী একমাত্র নভোমণ্ডলীয় স্থান, যেখানে প্রাণের অস্তিত্ব রয়েছে। এ অস্তিত্ব টিকিয়ে রাখার দায় মানুষের। পৃথিবীতে তালিকাভুক্ত প্রাণীর প্রজাতির সংখ্যা এখন ১২ লাখ। যদিও এটিকে মোট প্রাণীর একটি সামান্য অংশ বলে মনে করা হয়। বিজ্ঞানীদের ধারণা-প্রাকৃতিক বিশ্বে সর্বমোট প্রায় ৮৭ লাখ প্রজাতি আছে। এই পৃথিবীর গঠন হয়েছিল প্রায় চার দশমিক পাঁচ বিলিয়ন বছর আগে এবং এর সম্পদ, ভূতাত্ত্বিক ইতিহাস ও এর কক্ষপথের কারণেই এখানে লাখ লাখ বছর ধরে প্রাণের অস্তিত্ব টিকে আছে। এ ধরিত্রী মায়ের মতই তার সন্তান মানুষদের পরম মমতা, আদর, যত্নে ও স্নেহে লালনপালন করেন।

নিবন্ধ/ফিচার: শিরোনাম ও লেখকের নাম

ক. চাই বিশেষজ্ঞ সেবা– গোলাম সারওয়ার, দৈনিক সিলেটের ডাক
খ. প্রসঙ্গ: এইচএসসি পরীক্ষা– রঞ্জিত কুমার দে, দৈনিক সিলেটের ডাক
গ. মৌসুমী ফল, শাকসবজি: পুষ্টিমানে সমৃদ্ধ– আফতাব চৌধুরী, দৈনিক পুণ্যভূমি

#

মাসুদ/জহির/ডলি/২০২৪/১২.৪৫ ঘণ্টা